

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৫৬(আগরতলা ২।১২)
খোয়াই, ২ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
লক্ষীপুর গ্রাম পঞ্চায়েতে সুশাসন শিবির

খোয়াই ব্লকের লক্ষীপুর গ্রাম পঞ্চায়েতে সম্প্রতি দু'দিনব্যাপী বিকশিত ভারত সংকল্প যাত্রায় সুশাসন শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে ২০ জন সুবিধাভোগীকে গৃহ নির্মাণের দ্বিতীয় কিস্তির ৫০ হাজার টাকা প্রদান করা হয়। পঞ্চায়েতের পক্ষ থেকে ২৬ জনকে আরওআর, ১ জনকে বার্থ সার্টিফিকেট দেওয়া হয়। মহকুমা বন আধিকারিক কার্যালয়ের পক্ষ থেকে ৪৪ জনকে দুটি করে গাছের চারা প্রদান করা হয়। এছাড়াও মহকুমা শাসক কার্যালয় থেকে ১২ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয় এবং ২টি পিআরটিসি, ৬টি এসটি ও ৭টি এসসি সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান কৃতিদেব কর, উপপ্রধান তপন দাস সহ পঞ্চায়েতের অন্যান্য সদস্য-সদস্যগণ ও খোয়াই ব্লকের বিডিও অভিজিৎ দাস।
